

জেলা ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ড. ফারুক আহাম্মদ  
জেলা প্রশাসক, সিরাজগঞ্জ  
তারিখ : ২০-০৮-২০১৯খ্রি.  
সময় : সকাল ১১.৪৫ ঘটিকা  
স্থান : শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
(সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জেলা ইনোভেশন কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	কল সেন্টার "৩৩৩" সম্পর্কে আলোচনা	জনগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সদয় নির্দেশনায় এটুআই প্রোগ্রাম কর্তৃক নাগরিকদের জন্য সরকারের কেন্দ্রীয় তথ্য, সেবা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য কল সেন্টার "৩৩৩" চালু করা হয়েছে। বর্তমানে নাগরিকগণ "৩৩৩" ও প্রবাসীগণ ০৯৬৬৬৭৮৩৩ নম্বরে কল করে নিম্নোক্ত সেবাসমূহ নিতে পারছেন (ক) সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সাথে যোগাযোগের তথ্য, পর্যটন আকর্ষণযুক্ত স্থানসমূহ, জেলা সম্পর্কিত বিস্তারিত তথ্য, (খ) তথ্য জানার পাশাপাশি বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকারে নাগরিকগণ জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিতকরণ, (গ) "৩৩৩" এর মাধ্যমে এসএমএস, পুসপুল এসএমএস ও ইউএসএসডি প্ল্যাটফর্মের মাধ্যমে বিভিন্ন তথ্য প্রদান ও যাচাইকরণ সেবা এবং (ঘ) মন্ত্রণালয়/অধিদপ্তরের নাগরিক সেবার তথ্য প্রদান ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কার্যক্রম '৩৩৩' এর মাধ্যমে বাস্তবায়ন।	জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান
০২.	তথ্য বাতায়ন বিষয়ক আলোচনা	জেলা পর্যায়ের সকল অফিস প্রধানকে নিয়ে তথ্য বাতায়নের নতুন ফরম্যাটের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। তথ্য বাতায়নের নতুন ফরম্যাট অনুযায়ী সকল দপ্তরের তথ্য আপডেট করতে হবে।	জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান
০৩.	ই-ফাইলিং-এর কার্যক্রমে নথি খোলা ও পত্র জারির হার বৃদ্ধি	ই-ফাইলিং-এর কার্যক্রম এবং জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাপ্ত চিঠিপত্র Online এ Entry করে নথি খোলা ও পত্র জারির হার বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১) জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
০৪.	চিঠিপত্র ও কার্যবিবরণী ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে আপলোড	জেলার সকল অফিসের কার্যবিবরণী ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) জেলা ও উপজেলা পর্যায়ের বিভাগীয় প্রধান ২) সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
০৫.	সেবা নিতে আসা জনগণের সাথে ভাল আচরণ নিশ্চিতকরণ	জেলা ও উপজেলা পর্যায়ে সেবা নিতে আসা জনগণের সাথে ভাল আচরণ নিশ্চিত ও সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৬.	সেবা নিতে আসা জনগণকে দালালের খপ্পর থেকে রক্ষাকরণ	জেলা ও উপজেলা পর্যায়ে (বিশেষ করে বিআরটিএ, আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাব-রেজিষ্ট্রি, উপজেলা সেটেলমেন্ট অফিস, রেকর্ড রুম ও ভূমি অফিস) অফিসসমূহে সেবা নিতে আসা জনগণকে দালালের খপ্পর থেকে রক্ষা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান
০৭.	উত্তম চর্চা (Best Practices) সম্পর্কে অবহিতকরণ	জেলা ও উপজেলা পর্যায়ে অনেক উত্তম চর্চা (Best Practices) রয়েছে। সে সকল উত্তম চর্চার প্রতিবেদন নিয়ে পুস্তিকা প্রকাশ করা হবে।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান, সিরাজগঞ্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. ফারুক আহাম্মদ  
জেলা প্রশাসক  
সিরাজগঞ্জ  
ফোনঃ ০৭৫১-৬২৩৮৫  
dcsirajganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০২৩.৩৫.০০৬.১৫- ১৩৭

তারিখঃ ২৩/০৮/২০১৯ খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি কার্যার্থেঃ

৩। ..... সিরাজগঞ্জ।

মোহাম্মদ তোফাজ্জল হোসেন  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
সিরাজগঞ্জ  
ফোনঃ ০৭৫১৬২৫৪২